# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৬৯১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৮৬]

১/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৮৫: গোপনীয়তা রক্ষা করার গুরুত্ব

بَابُ حِفْبَابُ حِفْظِ السِّرِّظِ السِّرِّ ـ (85)

আরবী

وَعَن عَبدِ اللهِ بن عُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا: أنَّ عُمَرَ رضي الله عنه حِيْنَ تأيَّمَتْ بِنْتُهُ حَفْصَةُ، قَالَ: لَقِيتُ عُثْمَانَ بْنَ عَفّانَ رضي الله عنه، فَعَرَضْتُ عَلَيْهِ حَفْصَةَ، فَقُلْتُ: إنْ شِئْتَ أَنْكَحْتُكَ حَفْصَةَ بِنْتَ عُمَرَ ؟ قَالَ: سأنْظُرُ فِي أمْرِي . فَلَبِثْتُ لَيَالِيَ ثُمَّ لَقِيَنِي، فَقَالَ: قَدْ بَدَا لِي أنْ لاَ أتَزَوَّجَ يَوْمِي هَذَا . فَلَقِيتُ أَبَا بَكْرٍ رضي الله عنه، فَقُلتُ: إنْ شِئْتَ أنْكَحْتُكَ حَفْصَةَ بِنْتَ عُمَرَ، فَصَمتَ أَبُو بَكْرٍ رضي الله عنه، فَلَمْ يَرْجِعْ إلَيَّ شَيْئاً ! فَكُنْتُ عَلَيْهِ أوْجَدَ مِنِّي عَلَى عُثْمَانَ، فَلَبِثَ لَيَالِيَ ثُمَّ خَطَبَهَا النَّبيُّ صلى الله عليه وسلم، فَأنْكَحْتُهَا إيَّاهُ. فَلَقِيَنِي أَبُو بَكْرٍ، فَقَالَ: لَعَلَّكَ وَجَدْتَ عَلَيَّ حِيْنَ عَرَضْتَ عَلَيَّ حَفْصَةَ فَلَمْ أرْجِعْ إلَيْكَ شَيْئاً؟ فَقُلتُ: نَعَمْ، قَالَ: فَإنَّهُ لَمْ يَمْنَعْنِي أَنْ أرْجِعَ إلَيْكَ فِيما عَرَضْتَ عَلَيَّ إلاَّ أنِّي كُنْتُ عَلِمْتُ أنَّ النبيَّ صلى الله عليه وسلم ذَكَرَهَا، فَلَمْ أكُنْ لأُفْشِيَ سِرَّ رَسُولِ الله صلى الله عليه وسلم، وَلَوْ تَرَكَهَا النَّبيُّ صلى الله عليه وسلم لَقَبِلْتُهَا . رواه البخاري

বাংলা

২/৬৯১। আব্দুল্লাহ ইবনে উমার রাদিয়াল্লাহু ’আনহু হতে বর্ণিত। যখন উমার রাদিয়াল্লাহু ’আনহু-এর কন্যা হাফসা রাদিয়াল্লাহু ’আনহা বিধবা হয়ে গেলেন, তখন তিনি বললেন যে, আমি ’উসমান ইবনে ’আফফানের সঙ্গে সাক্ষাৎ করলাম এবং হাফসাকে বিবাহ করার জন্য দরখাস্ত দিয়ে তাঁকে বললাম, ’আপনি ইচ্ছা করলে আপনার বিবাহ আমি উমারের কন্যা হাফসার সাথে দিয়ে দিচ্ছি?’ তিনি বললেন, ’আমি আমার (এ) ব্যাপারে বিবেচনা করব।’ সুতরাং আমি কয়েকটি রাত্রি অপেক্ষা করলাম। অতঃপর তিনি আমার সঙ্গে সাক্ষাৎ করে বললেন, ’আমার এখন বিয়ে না করাটাই ভাল মনে করছি।’ (উমার বলেন,) অতঃপর আমি আবূ বকর রাদিয়াল্লাহু ’আনহু-এর সাথে দেখা করে বললাম, ’যদি আপনি ইচ্ছা করেন, তাহলে আমি আপনার বিবাহ হাফসার সাথে দিয়ে দই।’ আবূ বকর চুপ থাকলেন এবং কোন উত্তর দিলেন না। সুতরাং আমি ’উসমান অপেক্ষা তাঁর প্রতি বেশী দুঃখিত হলাম।

তারপর কয়েকটি রাত্রি অপেক্ষা করলাম। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বয়ং তাকে বিবাহের পায়গাম দিলেন। ফলে আমি হাফসার বিবাহ তাঁর সাথেই দিয়ে দিলাম। তারপর আবূ বকর আমার সাথে সাক্ষাৎ করে বললেন, 'আপনি আমাকে হাফসাকে বিবাহ করার দরখাস্ত দিয়েছিলেন এবং আমি কোন উত্তর দইনি। সেজন্য হয়তো আপনি আমার উপর দুঃখিত হয়েছেন? আমি বললাম, 'হ্যাঁ।' তিনি বললেন, 'আমার আপনাকে উত্তর না দেওয়ার কারণ এই ছিল যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাফসাকে বিবাহ করার ব্যাপারে আলোচনা করেছিলেন। সুতরাং আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর গোপন কথা প্রকাশ করতে চাচ্ছিলাম না। যদি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাফসাকে বর্জন করতেন, তাহলে নিশ্চয়ই আমি তাকে গ্রহণ করতাম।' (বুখারী) [1]

## English

(85) Chapter: Secrecy of Private Matters (Guarding Secrets)

'Abdullah bin 'Umar (May Allah be pleased with them) reported:
My father 'Umar (May Allah be pleased with him) said: When (his daughter) Hafsah (May Allah be pleased with her) became a widow, I met 'Uthman bin 'Affan (May Allah be pleased with him) and offered Hafsah for marriage to him. 'Uthman said: "I shall think over the matter." I waited for a few days and then 'Uthman met me and said: "It occurred to me that I should not marry at present." Then I met Abu Bakr (May Allah be pleased with him) and said to him: "If you are willing, I shall marry my daughter Hafsah to you." Abu Bakr (May Allah be pleased with him) remained silent and did not utter any word to me in reply. I grew more angry with him than with 'Uthman. I had waited for only a few days when Messenger of Allah (ﷺ) asked for her hand in marriage and I married her to him. Thereafter, I met Abu Bakr (May Allah be pleased with him) who said, "Perhaps you were angry with me when you offered Hafsah to me and I said nothing in reply." I said, "Yes, that is so." He said, "Nothing stopped me to respond to your offer except that I knew that Messenger of Allah (ﷺ) had mentioned her and I could not disclose the secret of Messenger of Allah (ﷺ). Had Messenger of Allah (ﷺ) left her, I would have accepted her."

[Al-Bukhari and Muslim].

Commentary: To keep a secret and not to disclose it to people is the theme of this chapter as reflected in this Hadith. The Hadith has also other points which invite our attention. Firstly, a man can offer his daughter's hand to a righteous person. Secondly, it is undesirable for parents to send a message to another party for the wedlock of their daughter when talks with someone else are already continuing in this regard. Thirdly, if Messenger of Allah

(PBUH) wanted to marry a woman but could not realize his intention for a reason or another, it was permissible for a Muslim to marry her because, juristically speaking, such a woman could not be counted as the Prophet's wife.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৪০০৫, ৫১২২, ৫১২৫, ৫১৪৫, নাসায়ী ৩২৪৮, ৩২৫৯, আহমাদ ৭৫, ৪৭৯২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23656

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন